পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বাজার ফান্ড প্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং:-১৪৫(২৫)।৪ তারিখ:২৮/০৪/২০২৫খ্রি:

# "২০২৫-২০২৬ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলার বাজার ফান্ড সংস্থার নিয়ন্ত্রনাধীন বিভিন্ন হাট-বাজারসমূহের খোলা বাজার হতে টোল-ট্যাক্স আদায়ের নিমিত্তে ২০২৫-২০২৬ অর্থ-বছরের ০১ জুলাই/২০২৫ হতে ৩০ জুন/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য নিম্ন বর্নিত শর্তসাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট থেকে হাট-বাজার ইজারার নির্ধারিত দরপত্র ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে। হাট-বাজার ইজারার দরপত্র কার্যক্রম নিম্নলিখিত ভাবে পরিচালিত হবে।

| হাট-বাজার ইজারার দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র ফরম জমা গ্রহনের স্থান, সময় ও তারিখ | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | হাট-বাজার ইজারার দরপত্র ফরম প্রাপ্তির স্থান | প্রতিটি দরপত্রের আবেদন ফরমের মূল্য |
|---|---|---|---|---|
| বিজ্ঞপ্তির জারীর তারিখ হতে ১৪/০৫/২০২৫ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কার্যালয় ১৫/০৫/২০২৫ইং তারিখ সকাল-১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত। | ১৫/০৫/২০২৫ইং তারিখ বিকাল-৩.০৫ ঘটিকা। | বাজার ফান্ড কার্যালয়, বান্দরবান। | ১,০০০/= |

বাজারের তালিকা ঃ-

| ক্রমিক নং | হাট/বাজারের নাম | বাজারের শ্রেণী | উপজেলার নাম | বায়নার টাকা বা আর্নেষ্টমানি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে) |
|---|---|---|---|---|
| ০১। | বান্দরবান বাজার(উপজাতীয় বাজারসহ) | ১ম শ্রেণী | বান্দরবান সদর | উদ্ধৃত দরের ৫০% |
| ০২। | রেইছা বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ০৩। | বাঘমারা বাজার | ৩য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ০৪। | রোয়াংছড়ি বাজার | ২য় শ্রেণী | রোয়াংছড়ি | -ঐ- |
| ০৫। | মুরুংগো মূখ বাজার | ৩য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ০৬। | লিরাগাঁও বাজার | ৩য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ০৭। | থানছি বাজার | ২য় শ্রেণী | থানছি | -ঐ- |
| ০৮। | বলিপাড়া বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ০৯। | আলীকদম বাজার | ১ম শ্রেণী | আলীকদম | -ঐ- |
| ১০। | রেপার পাড়া বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ১১। | লামা বাজার | ১ম শ্রেণী | লামা | -ঐ- |
| ১২। | গজালিয়া বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ১৩। | ডলুছড়ি বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ১৪। | চাম্বি মফিজ বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ১৫। | চাকঢালা বাজার | ২য় শ্রেণী | নাইক্ষ্যংছড়ি | -ঐ- |
| ১৬। | বাইশারী বাজার | ২য় শ্রেণী | -ঐ- | -ঐ- |
| ১৭। | তুমব্রু বাজার | ৪র্থ শ্রেণী | -ঐ- | ঐ |
| ১৮। | রুমা বাজার | ১ম শ্রেণী | রুমা | -ঐ- |

**<u>দরপত্রের শর্তাবলী :</u>**

১। দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ৫০% অর্থ " **বাজার ফান্ড প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা** " -এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। নগদ কোন অর্থ গ্রহনযোগ্য হবে না।

২। দরপত্রের সহিত দরপত্র দাতার ছবি, মোবাইল নং, জন্মসনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩। কৃতকার্য ইজারাদার/দরপত্র দাতাকে অবশ্যই বাকী অর্ধেক টাকা দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারার কার্যাদেশ প্রদান করা হবে। নির্ধারিত সময়ে ইজারার সম্পূর্ন অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে ইতোপূর্বে জমাকৃত অর্থ বাজার ফান্ডের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং ইজারা বাতিল বলে গণ্য হবে।

৪। পূর্ববর্তী সময়ে হাট-বাজার ইজারা বাবদ অথবা টোল-ট্যাক্স ইজারা বাবদ কোন অর্থ বান্দরবান বাজার ফান্ড সংস্থা/বান্দরবান পার্বত্য জেলা পরিষদে পাওনা থাকলে তিনি দরপত্র অংশ গ্রহণের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। ইজারার সম্পূর্ণ টাকা (আয়কর- ভ্যাটসহ) আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে কৃতকার্য ইজারাদারকে নিজ উদ্যোগে নির্ধারিত ২০০/= (দুইশত টাকা) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্প জমা প্রদান পূর্বক **<u>"বাজার ফান্ড প্রশাসক,বান্দরবান পার্বত্য জেলা"</u>** এর সাথে অবশ্যই ইজারার চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় ইজারার কার্যাদেশ প্রদান করা হবে না এবং আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৬। যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা বাজার ফান্ড প্রশাসক সংরক্ষণ করেন।

৭। কৃতকার্য দরপত্র দাতাকে সরকারী ধার্য হারে ৫% আয়কর, ১৫% হারে ভ্যাট, ০১% এল.আর (সরকারী নীতিমালা অনুযায়ী) এবং অন্যান্য পাওনা (যদি থাকে) প্রদান করতে হবে যা উদ্ধৃত দরের অতিরিক্ত হিসাবে প্রদান করতে হবে।

৮। হাট-বাজার ইজারার নির্ধারিত আবেদন ফরমের উল্লিখিত শর্তাবলী অতিরিক্ত শর্ত হিসাবে গণ্য হবে।

(স্বাক্ষরিত) ../৪/২৫

(অধ্যাপক থানজামা লুসাই)
বাজার ফান্ড প্রশাসক
ও
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান পার্বত্য জেলা।

(স্বাক্ষরিত) ../০৪/২০২৫

স্মারক নং:-১৪৫(২৫)৮ তারিখ:২৮/০৪/২০২৫খ্রিঃ

অনুলিপি :- অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল ঃ-

১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা (সদয় অবগতির জন্য)।

২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা (সদয় অবগতির জন্য)।

৩। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।

৪। প্রশাসক,.................................................... উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

৫। প্রশাসক, বান্দরবান/ লামা পৌরসভা, ......................... উপজেলা । ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

৬। উপজেলা নির্বাহী অফিসার, ............................ উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

৭। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা (ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৮। হিসাব রক্ষক, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান পার্বত্য জেলা।

৯। সার্ভেয়ার, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ,বাজার ফান্ড সংস্থা (সংযুক্ত), বান্দরবান পার্বত্য জেলা।

১০। বাজার চৌধুরী, .................... বাজার, ......................... উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারের জন্য নির্দেশ দেওয়া হল।

১১। ব্যবস্থাপক, বিজ্ঞাপন শাখা, দৈনিক .................................পত্রিকা, আপনার বহুল প্রচারিত পত্রিকায় অনুলিপি ও দরপত্রশর্তাবলী অংশবাদে ০৩ (তিন) কলামে ১২" ইঞ্চিতে আগামী ৩০/০৪/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি একবার মাত্র প্রচার পূর্বক ০২ (দুই) কপি পত্রিকা অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। নির্দিষ্ট তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি না ছাপালে অত্র সংস্থা বিল পরিশোধ করতে বাধ্য থাকবে না।

১২। অফিস কপি।

(মুহাঃ আবুল মনসুর)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
বান্দরবান বাজার ফান্ড সংস্থা
বান্দরবান পার্বত্য জেলা।
২৮/০৪/২০২৫

স্মারক নং:- ১৪৫(২৫)৮ তারিখ:২৮/০৫/২০২৫খ্রিঃ

অনুলিপি :- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলঃ

০১-১৪। জনাব রাজুময় তঞ্চঙ্গ্যা/মিসেস ম্যা ম্যা নু/এ্যাডভোকেট উবাথোয়াই মার্মা/জনাব উম চিং মারমা/জনাব খামলাই ম্রো/জনাব মংএ চিং চাক/ডাঃ সানাই প্রু ত্রিপুরা/জনাব লাল জারলম বম/জনাব নাংক্রা খুমী/জনাব সাইফুল ইসলাম/জনাব মোহাম্মদ নাছির উদ্দিন/জনাব মুহাম্মদ আবুল কালাম/এ্যাডভোকেট মাধবী মার্মা/ বেগম খুরশিদা ইসহাক, সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

(মুহাঃ আবুল মনসুর)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
বান্দরবান বাজার ফান্ড সংস্থা
বান্দরবান পার্বত্য জেলা।
২৮/০৪/২০২৫